

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 20-12-2024**

**Time: 7.50P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১/ ভারত, নেপাল ও ভুটানের সীমান্ত রক্ষায় সশস্ত্র সীমাবল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে বলে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। তিনি আজ শিলিগুড়িতে বাহিনীর ৬১-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।
- ২/ ‘PM সূর্যঘর মুফত বিজলি যোজনা’ রূপায়ণের কাজে পশ্চিমবঙ্গ সহ বেশ কয়েকটি রাজ্য পিছিয়ে রয়েছে বলে অভিযোগ করে কেন্দ্রীয় পুনর্বীকরণযোগ্য শক্তি মন্ত্রী প্রহৃদ জোশি রাজনীতির উর্ধ্বে উঠে তা’ রূপায়ণের আহ্বান জানিয়েছেন।
- ৩/ রাজ্যের সমবায় ব্যবস্থাকে আরো মজবুত করতে রাজ্য সরকার এবার জেলায় জেলায় অতিরিক্ত জেলাশাসক পদমর্যাদার একজন আধিকারিককে নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে।
- ৪/ কলকাতা হাইকোর্টের স্থগিতাদেশের সময়সীমা পেরিয়ে যাওয়ায়, জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ ‘বক্সা ব্যান্ড প্রকল্পে’র মধ্যে থাকা সব হোম স্টে, রিসর্ট সহ ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার নির্দেশ দিয়েছে।
- ৫/ জাতীয় পুরস্কার বিজয়ী চিত্র পরিচালক রাজা মিত্র প্রয়াত।

\*\*\*\*\*

ভারতের সঙ্গে নেপাল ও ভুটানের সীমান্ত রক্ষায় সশস্ত্র সীমাবল SSB গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে বলে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ মন্তব্য করেছেন। তিনি আজ শিলিঙ্গড়িতে বাহিনীর ৬১-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বলেন, ভারত-ভুটান ও ভারত-নেপাল সীমান্ত যেখানে কাঁটাতারের বেড়া নেই, সেখানে'ও সশস্ত্র সীমাবল-এর জওয়ানরা কড়া প্রহরায় রয়েছেন, যার ফলে সীমান্তবর্তী এলাকার মানুষ নিশ্চিন্ত। তিনি বলেন, শুধুমাত্র সীমান্ত রক্ষাই নয়, মাদক পাচার রোধ সহ অন্যান্য আন্তর্জাতিক অপরাধ দমনে এই বাহিনীর ভূমিকা অনস্বীকার্য। শিলিঙ্গড়ি করিডোরকে পূর্ব ভারতের নিরাপত্তা ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ অঞ্চল বলে উল্লেখ করে শ্রী শাহ বলেন, ভারতের অন্যান্য অংশের সঙ্গে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলিকে সংযুক্ত করতে এই করিডোর অন্যতম।

( বাইট- অমিত শাহ )

এর আগে শ্রী শাহ রানিডঙ্গা SSB গ্রাউন্ডে কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন। শহীদদের প্রতি শ্রদ্ধার্ঘ্য জানিয়ে পুষ্পচক্র নিবেদন করেন তিনি। বাহিনীর মহা নির্দেশক অমৃত মোহন প্রসাদ অনুষ্ঠানে এসএসবির দীর্ঘ ৬১ বছরে কার্যক্রম তুলে ধরেন। মহিলাদের ক্ষমতায়নে বাহিনী সদা উদ্যোগী বলেও উল্লেখ করেন তিনি।

\*\*\*\*\*

পাহাড় সমস্যার স্থায়ী সমাধান করার লক্ষ্যে আগামী ২০২৫ সালের জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে ত্রিপাক্ষিক বৈঠক হতে চলেছে বলে জানালেন, দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্ত। শিলিঙ্গড়িতে আজ সকালে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ-র সঙ্গে এব্যাপারে তাঁর কথা হয়েছে বলে'ও সাংসদ জানান।

\*\*\*\*\*

কেন্দ্র, 'PM সূর্যঘৰ মুফত বিজলি যোজনা'-য়, সারা দেশে এক কোটি ইস্টলেশনের লক্ষ্যমাত্রা নিয়েছে। কেন্দ্রীয় পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রী প্রহ্লাদ জোশি আজ কলকাতায় এক বৈঠক শেষে সাংবাদিকদের একথা জানান।

এই প্রকল্প রূপায়ণের বিষয়ে পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খন্দ ওড়িশা এবং উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির প্রতিনিধিদের সঙ্গে ওই বৈঠকে এই প্রকল্প রূপায়ণের বিভিন্ন দিক খতিয়ে দেখা হয়। শ্রী যোশী জানান, ইতমধ্যেই প্রকল্প রূপায়ণের জন্য ১৮লক্ষ আবেদন জমা পড়েছে এবং তার মধ্যে ইনস্টলেশনের কাজ সম্পূর্ণ হয়েছে ৭'লক্ষের'ও বেশী। বিনামূল্যে বিদ্যুৎ সংযোগের এই প্রকল্পে কেন্দ্র ৭৮ হাজার কোটি টাকা ভর্তুকি দেবে। বাকিটা রাজ্য সরকারকে দিতে হবে বলেও তিনি জানান। কয়েকটি রাজ্যে এই প্রকল্পের অগ্রগতি ভাল হলেও কিছু রাজ্য রূপায়ণের ক্ষেত্রে অনেকতাই পিছিয়ে রয়েছে বলে শ্রী যোশী অভিযোগ করেন। তার মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গ'ও। যেসমস্ত রাজ্য এই প্রকল্প রূপায়নে পিছিয়ে রয়েছে, সেখানকার মানুষ প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হবেন বলে তিনি দাবি করেন। এরাজ্যও প্রকল্পটি দ্রুত রূপায়ণের জন্য মুখ্যমন্ত্রী উদ্দেশে আবেদন জানিয়ে শ্রী যোশী, এব্যাপারে রাজনীতি না করার আহ্বান জানান।

( বাইট- প্রস্তাব )

প্রকল্প রূপায়ণে কোন সমস্যা থাকলে সে বিষয়ে তাঁকে অথবা তাঁর পুনর্বীকরণযোগ্য শক্তি মন্ত্রকে সরাসরি জানাতে শ্রী যোশী বৈঠকে উপস্থিত প্রতিনিধিদের উদ্দেশ্যে আবেদন জানান।

\*\*\*\*\*

আব্দেকরকে নিয়ে সংসদে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-র বক্তব্যের প্রতিবাদে ত্ত্বন্মূল কংগ্রেস আন্দোলনে নামতে চলেছে। দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ ফেসবুক পোস্টে এই ইস্যুতে দলের কর্মসূচীর কথা জানিয়ে বলেন, আগামী সোমবার কলকাতা পুরসভার বিভিন্ন ওয়ার্ড ও রাজ্যের বিভিন্ন ব্লকে দলের তরফে একঘন্টা প্রতিবাদ মিছিল করা হবে। গণতন্ত্রের উপরে আঘাত হেনে বিজেপি, সংসদের মর্যাদাকে লজ্জন করছে বলে তিনি অভিযোগ করেছেন।

\*\*\*\*\*

আমেদকর ইস্যুতে লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গেকে সংসদে প্রবেশের মুখে তাদের ওপর বিজেপি সাংসদদের চড়াও হওয়ার অভিযোগে এবং আমেদকরের বিরুদ্ধে অবমাননাকর মন্তব্যের অভিযোগে প্রদেশ কংগ্রেস আজ কলকাতায় বিক্ষোভ কর্মসূচি পালন করে। কলকাতায় গতকাল প্রদেশ কংগ্রেসের মিছিলের ওপর বিজেপি কর্মীদের হামলার অভিযোগ ও জানানো হয় ওই বিক্ষোভ মিছিলে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্র সরকারের নেতৃত্বে বি আর আমেদকরের ছবি হাতে নিয়ে কলেজ স্কয়ারে বিক্ষোভ দেখান প্রদেশ কংগ্রেসের নেতাকর্মী সমর্থকরা।

এদিকে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন, রংটি রংজির জন্য এখানে তৈরি হয়েছে দালাল চক্র। সেই সুযোগ নিয়ে এদেশে জঙ্গি প্রবেশ করছে। এজন্য কেন্দ্রের ও রাজ্যের উভয়ের ই নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা দরকার বলে মন্তব্য করেন তিনি।

\*\*\*\*\*

রাজ্যের ক্ষুদ্র, মাঝারি ও ছোট শিল্পে দক্ষিণবঙ্গের আরও দুই জেলা থেকে ৪ হাজার ৬৫০কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। গতকাল দুর্গাপুরের সৃজনী অডিটরিয়ামে আয়োজিত সিনারজি কনক্লেভ-এ দুই বর্ধমানের প্রায় সাড়ে তিনশো জন শিল্পদ্যোগী অংশ নেন। সেখানেই এই বিনিয়োগ প্রস্তাব দেওয়া হয়েছে বলে সরকারিভাবে জানানো হয়।

\*\*\*\*\*

রাজ্যের সমবায় ব্যবস্থাকে আরো মজবুত করতে রাজ্য সরকার এবার জেলায় জেলায় অতিরিক্ত জেলাশাসক পদমর্যাদার একজন আধিকারিককে নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে। সমবায় দফতরের সঙ্গে সমন্বয় রেখে তাঁরা জেলায় জেলায় সারাবছর ধরে সমবায় ব্যবস্থাকে আরও জোরদার করবেন। প্রত্যেক মাসে সংশ্লিষ্ট জেলার সমবায়,

তাদের মাধ্যমে দেওয়া খণ্ড, খণ্ডের হার বৃদ্ধি, নতুন সদস্য প্রভৃতি বিষয়ে রিপোর্ট তৈরির দায়িত্বও থাকবে ওই আধিকারিকের উপর।

উল্লেখ্য, এতদিন সমবায়ের জন্য কোনো আধিকারিককে নির্দিষ্টভাবে দ্বায়িত্ব দেওয়া হত না। অনেক জেলাতেই নিচুতলার আধিকারিকরা এই কাজ সামলাতেন। এতে সমবায়ের কাজকর্ম পরিচালনার ক্ষেত্রে বেশ কিছু সমস্যা হচ্ছিল বলে প্রশাসনিক সূত্রে খবর।

সেই জন্যই এবার একজন অতিরিক্ত জেলাশাসককে ওই কাজের দ্বায়িত্ব দেওয়ার নির্দেশ দেওয়া হল।

\*\*\*\*\*

বাংলার বাড়ি প্রকল্পের উপভোক্তাদের শৌচাগার তৈরির জন্য আলাদা করে টাকা দেবে রাজ্য সরকার। এই প্রকল্পে ১২ লক্ষ উপভোক্তাকে বাড়ি তৈরির প্রথম কিস্তির ৬০ হাজার টাকা করে দেওয়ার কাজ শুরু করেছে। এঁদের মধ্যে যাদের উপযুক্ত শৌচাগার নেই তাঁদের তা তৈরি করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। এজন্য তাঁদের দুই কিস্তিতে আরও ১২ হাজার টাকা করে দেওয়া হবে। তবে এই টাকার জন্য উপভোক্তাদের আলাদা করে আবেদন জানাতে হবে।

\*\*\*\*\*

জাতীয় পরিবেশ আদালতের নির্দেশের উপরে কলকাতা হাইকোর্টের স্থগিতাদেশের সময়সীমা পেরিয়ে যাওয়ায় জলপাইগড়ি সার্কিট বেঞ্চ উত্তরবঙ্গের আলিপুরদুয়ারের বক্সা ব্যাস্ত প্রকল্পের মধ্যে থাকা সব হোম স্টে, রিসর্ট সহ ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার নির্দেশ দিয়েছে। এরপরেই আদালতের নির্দেশ মেনে ব্যাস্ত প্রকল্পের তরফে সেখানকার সব ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার নোটিশ জারি করা হয়েছে।

উল্লেখ্য, জাতীয় পরিবেশ আদালত ২০২২ সালে এই নির্দেশ দিলেও কলকাতা হাইকোর্ট গত ৩০শে নভেম্বর পর্যন্ত সেই নির্দেশের উপরে স্থগিতাদেশ জারি করেছিল।

এরপরে জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ গত চৌথা ডিসেম্বর এখানকার সব ব্যবসায়িক প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার নির্দেশ দেয়।

\*\*\*\*\*

হাওড়ার IIEST শিবপুরের একাদশতম বার্ষিক সমাবর্তনে আজ এক হাজার ৩১ জনকে ডিগ্রি প্রদান করা হয়। এর মধ্যে ৬৪৯ জনকে স্নাতক, ২৮৮ জনকে স্নাতকোত্তর এবং ৯৪ জনকে PHD ডিগ্রী প্রদান করা হয়েছে বলে জয়েন্ট রেজিস্ট্রার ড. নির্মাল্য কুমার ভট্টাচার্য জানিয়েছেন।

এবছর রাষ্ট্রপতি স্বর্ণপদক প্রদান করা হয়েছে ১০ টি ইঞ্জিনিয়ারিং বিভাগের মধ্যে প্রথম স্থানাধিকারী কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগের ছাত্র পেনুগোভা এস. এম. এস. এন. রাজেশকে। গণেশ চন্দ্র মিত্র মেমোরিয়াল মেডেল দেওয়া হয়েছে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র শুভজ্যোতি কর্মকার ও বায়োমেডিকাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ভূতি শর্মাকে।

\*\*\*\*\*

বিভিন্ন স্তরে শূন্যপদে সহকারি শিক্ষক নিয়োগের জন্যে আগামীকাল রাজ্য মাদ্রাসা সার্ভিস ফলাফল প্রকাশ করবে। সম্ম্যা ৬টা থেকে কমিশনের অফিসিয়াল ওয়েবসাইট [www.wbmsc.com](http://www.wbmsc.com)-এ গিয়ে ফলাফল জানতে পারবেন।

\*\*\*\*\*

জাতীয় পুরস্কার বিজয়ী চিত্রপরিচালক রাজা মিত্র প্রয়াত। বয়স হয়েছিল ৭৯ বছর। গতকাল রাত আড়াইটে নাগাদ শঙ্খনাথ পন্ডিত হাসপাতালে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। দীর্ঘ দিন তিনি ক্যান্সারে ভুগছিলেন। স্বর্ণকমল ও রজতকমল মিলিয়ে চলচ্ছিত্রে ৬বার জাতীয় পুরস্কার পান রাজা মিত্র। ১৯৮৭ সালে তাঁর নির্মিত প্রথম কাহিনী চিত্র একটি জীবন। পরের বছর ১৯৮৮তে তিনি রাষ্ট্রপতি পুরস্কার পান। নয়ন তারা, যতনের জমি, বীরভূমের স্ক্রোল পেইন্টার্স, কালীঘাট পেইন্টিং ছবিগুলি উল্লেখযোগ্য।

চিত্রপরিচালক এবং ফিল্ম ডিভিশনের প্রাক্তন অধিকর্তা কে জি দাস ছিলেন প্রয়াত  
পরিচালকের ঘনিষ্ঠ বন্ধু। স্মৃতিচারণ করতে গিয়ে তিনি বলেন, ভালো ছবি করতে গিয়ে তিনি  
কখনো পরিস্থিতির সঙ্গে আপোষ করেননি,

( বাইট- কে জি দাস)

\*\*\*\*\*

গোয়ার ফতোরদা ষ্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট,  
এফ সি গোয়ার মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, গোয়া এক  
গোলে এগিয়ে রয়েছে।

মোহনবাগান ১১ ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে আছে। চতুর্থ স্থানে  
থাকা গোয়া সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১৯ ।

\*\*\*\*\*